



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: [rcadmsn@gmail.com](mailto:rcadmsn@gmail.com) website: <http://rc.gov.bd> / <http://rc.edu.bd>  
online news portal: <http://rc.edu.bd/rcbarta> Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬.৩৬৮

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪৩২ বঃ  
০৯ মার্চ ২০২৬ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তির বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ৩০/০৩/২০২৬ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) এ প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২(দুই) কপি A4 (৮.৫' × ১১') সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর নিম্নে প্রদত্ত DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলি অনুসরণ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

১। ভর্তির সময়সূচি:

ভর্তিছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদন ফরম প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১২/০৩/২০২৬ থেকে ৩০/০৩/২০২৬ তারিখের (সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) মধ্যে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

২। ভর্তির নিয়মাবলী:

(ক) **Admission Roll** এর বিপরীতে বিষয়ভিত্তিক নির্দিষ্ট ফিসের টাকা আগামী ১২/০৩/২০২৬ থেকে ৩০/০৩/২০২৬ তারিখের মধ্যে নিম্নে উল্লিখিত DBBL মোবাইল ব্যাংকিং পদ্ধতিতে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজ ওয়েবসাইট-এ নোটিশ বোর্ড অথবা <https://rc.edu.bd/preli2masters-admission-fees/> লিংক হতে ফি'র পরিমাণ জানা যাবে।

(খ) যদি কোন শিক্ষার্থী ভুল **Admission Roll** ব্যবহার করে আবেদন করে থাকে তবে তাকে **Honours Admission** বাটনে ক্লিক করে অথবা সরাসরি <http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Masters1st> লিংকে ক্লিক করে সঠিক **Admission Roll** সহ সকল তথ্য দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। এরপর পেমেন্ট অপশন আসবে এবং ভর্তি ফি জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(গ) DBBL মোবাইল ব্যাংকিং পদ্ধতিতে ফি পরিশোধের নিয়মাবলী:

১. যেসকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট রয়েছে, সেই মোবাইল থেকে \*322# ডায়াল করে DBBL মোবাইল ব্যাংক মেনুতে যান
২. পেমেন্ট 1 (One) সিলেক্ট করুন
৩. নিজের মোবাইল থেকে হলে 1 (One) সিলেক্ট করুন। অন্য মোবাইল থেকে হলে Other 2 (Two) সিলেক্ট করুন
৪. অন্য মোবাইল থেকে হলে নিজের মোবাইল নম্বর দিন (Enter Student Mobile Number)
৫. Other 0 (Zero) সিলেক্ট করুন
৬. রাজশাহী কলেজের Biller ID 304 টাইপ করুন
৭. Bill No-এ আপনার **Admission roll** দিন।
৮. টাকার পরিমাণ লিখুন
৯. চার ডিজিটের PIN টাইপ করুন
১০. OK/Send বাটন চাপুন
১১. পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে আপনি DBBL থেকে TrxID যুক্ত একটি মেসেজ পাবেন এবং স্বয়ংক্রিয়ভাবে আপনার ভর্তি সম্পন্ন হবে। ভর্তির লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন।

**\*\* রকেট app এর Bill Pay অপশন ব্যবহার করে ফি পরিশোধ করা ছাত্র-ছাত্রীদের জন্য অনেক সহজ।**

(ঘ) ডাচবাংলা মোবাইল ব্যাংকিং পদ্ধতিতে **Admission Roll** এর বিপরীতে পেমেন্ট করলেই ভর্তি হয়ে যাবে এরপর <http://rc.gov.bd> ওয়েবসাইটের উপরের ডান অংশে **ভর্তি/ফরমপূরণ** বাটন ক্লিক করে **Preli to Masters Admission** বাটনে ক্লিক করে অথবা সরাসরি <http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Masters1st> লিংকে প্রবেশ করে **Admission roll** দিয়ে **Next** বাটন ক্লিক করলে ভর্তির তথ্য উন্মুক্ত হবে এবং সেখান থেকে Confirmation Slip ও Student Admission Form ডাউনলোড করে প্রয়োজনীয় কাগজ-পত্র ও জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ডাউনলোডকৃত ফরমের সাথে জমা দিতে হবে।

(ঙ) কলেজ ওয়েবসাইটে অনলাইন ভর্তির নির্দেশিকা থেকে বিস্তারিত জানা যাবে।

৩। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ পত্র স্ব বিভাগে জমা দিতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা :

(ক) এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান, স্নাতক(পাস)/সম্মান পাশের নম্বরপত্রের ফটোকপি;

(খ) স্নাতক(পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি;

(গ) চূড়ান্ত আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ কপি রঙিন ছবি;

(ঘ) Confirmation Slip

বিদ্র: কোন শিক্ষার্থী একই সাথে ও সময়ে/শিক্ষাবর্ষে একই/বিভিন্ন শ্রেণিতে/ভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন ও পরীক্ষায় অংশগ্রহণ করলে তার ক্ষেত্রে ভর্তি ও পরীক্ষার ফলাফল (যদি থাকে) দৈতভর্তিজনিত কারণে বাতিল বলে গণ্য হবে।

স্বাঃ  
অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬.৩৬৮(২৮)

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪৩২ ব:  
০৯ মার্চ ২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ২। বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ভর্তি সংক্রান্ত ডাটা অনলাইনে নিশ্চয়নের লক্ষ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের আবেদন পত্রসহ সংখ্যা তালিকা এক শূন্য আসনের তালিকা ৩০/০৩/২০২৬ তারিখ বেলা ৩:০০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট (পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ, প্রশাসন ভবন, রাজশাহী কলেজ, রাজশাহী) জমা দিতে হবে;
- ৩। আহ্বায়ক, প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৪। আইসিটি, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৫। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী;
- ৬। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৭। সংরক্ষণ নথি।

স্বাঃ  
অধ্যক্ষ ০২/০৩/২০২৬  
রাজশাহী কলেজ, রাজশাহী।  
০২/০৩/২০২৬